



স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২৩. ২২২০

তারিখঃ- ১৪ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ।
২৮ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

বিষয়: দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর বিভিন্ন উপজেলায় অবস্থিত ইনডোর উপকেন্দ্র এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রাত্রিকালীন “নিরাপত্তাকর্মী” নিয়োগের নিমিত্ত দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) “নিরাপত্তাকর্মী” পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---------|---|---|--|---|---|
| ০১ | নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরীভিত্তিতে) (০৫) টি (কম /বেশি হতে পারে) (পুরুষদের জন্য সংরক্ষিত) | ১৭/০৪/২০২৩ খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনূর্ধ্ব ৬৫ বছর। তবে ৬৫ বছর পূর্ণ হলে চাকুরির যোগ্যতা হারাবেন। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধুমাত্র সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

অন্যান্য শর্তাবলীঃ

- আবেদনকারীগণকে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (www.pbs.sunamganj.gov.bd) হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে।
- নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে:
 - ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
 - প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
 - শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রশংসাপত্রের ফটোকপি গ্রহণযোগ্য নয়)।
 - স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।
 - জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
 - জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - ডাউনলোডকৃত আবেদন ফর্ম, ফর্ম-এ উল্লিখিত যথাযথ নির্দেশনা অনুযায়ী পূরণ করে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
 - দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

(Handwritten signature)

